৯০ BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION BSEC বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/২৫

তারিখঃ ০১ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ
১৬ সেপ্টেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৫৭ তম কমিশন সভা অদ্য ১৬/০৯/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছে ঃ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৬ অনুযায়ী সরকারি নির্দেশনা মোতাবেক কমিশন Securities and Exchange Ordinance,1969 এর Section 20A -তে প্রদত্ত ক্ষমতাবলে প্রযোজ্য বিধি-বিধানের শর্ত শিথিলপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করিলঃ-

(১) বিদ্যমান তালিকাভুক্ত মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডের মেয়াদ সর্বোচ্চ ১০ (দশ) বছরের সমান আরো একটি মেয়াদ বর্ধিত করা যাইবে:

তবে শর্ত থাকে যে, বিদ্যমান কোন মিউচ্যুয়াল ফান্ডের মেয়াদ সূচনা হইতে সর্বমোট ২০ (বিশ) বছরের অধিক হইবে না:

আরো শর্ত থাকে যে, বিদ্যমান মেয়াদি মিউচ্যুয়াল ফান্ডসমূহের মধ্যে যে সকল মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড বর্তমান মেয়াদ বৃদ্ধিতে ইচ্ছুক নয় সে সকল ফান্ডের জন্য বিধি-বিধান মোতাবেক রূপান্তর বা অবলুপ্তির সুযোগও অব্যাহত থাকিবে।

(২) কমিশনের আদেশ নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৭/১০/পঃ/২০, তারিখ: জানুয়ারী ২৪, ২০১০ এর শর্তাবলী বিদ্যমান তালিকাভুক্ত মিউচ্যুয়াল ফান্ডের ক্ষেত্রে রহিত থাকিবে।

১৬/০৯/২০১৮

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।

ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd